

যুগান্তর

মানুষ বাঁচলে দেশ বাঁচবে

'নগদ'র মাধ্যমে জাকাত দেয়ার সুযোগ

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ২৮ এপ্রিল ২০২১, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)



করোনা সংকটকালে সুবিধাবঞ্চিতদের জন্য 'নগদ' এর মাধ্যমে জাকাতের অর্থ দেয়া যাবে। নগদ অ্যাপসের মাধ্যমে থ্যালাসিমিয়া আক্রান্ত শিশুদের সহায়তা এ কার্যক্রমে যে কেউ অংশ নিতে পারবেন।

'নগদ'-এর আয়োজনে 'মানুষ বাঁচলে দেশ বাঁচবে' ফেসবুক লাইভ অনুষ্ঠানে মঙ্গলবার বিকালে এ তথ্য জানানো হয়।

এতে প্রধান অতিথি ছিলেন নগদের নির্বাহী পরিচালক মো. সাফায়েত আলম ও বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশনের জাকাত কমিটির সভাপতি অধ্যাপক ডা. মনজুর মোর্শেদ। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন আরজে নীরব। নগদ, যুগান্তর ও যমুনা টিভির ফেসবুক পেজে লাইভটি দেখানো হয়।

নগদের নির্বাহী পরিচালক বলেন, দুই বছর দুই মাস বয়সে নগদ অনেকগুলো মাইলফলক অর্জন করেছে। মানুষের দৈনন্দিন লেনদেনের জায়গাটাকে কিভাবে সহজতর করে দেওয়া যায় নগদ সে কাজটাই করে যাচ্ছে। বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশনের জাকাত কমিটির সভাপতি বলেন, অনেক সময় ছয় মাসের কিংবা দুই বছরের শিশুদেরকে বাঁচাতে হলে রক্ত দিতে হয়। এক মাস বা দুমাস এরপর রক্ত দিতে হয়। একে থ্যালাসিমিয়া বলে।

এটা জিনগত বা বংশগত ত্রুটি। বাংলাদেশে ৭ শতাংশ মানুষ এ থ্যালাসিমিয়ার বাহক। যেখানে রোগীকে অনবরত রক্ত দিয়ে ভালো রাখতে হয়। এমতাবস্থায় সেই বাবা-মার অবস্থা কেমন করণ হতে পারে তা আমরা অনুধাবন করতে পারি। অথচ এ রোগীদের সঠিক চিকিৎসা দেওয়া হলে ওইসব বাচ্চারা স্বাভাবিক জীবন ফিরে পেতে পারে। স্বাভাবিকভাবে বেড়ে উঠে। যদিও ওষুধগুলোর দাম বেশি। জাকাতের মাধ্যমে যে কেউ চাইলে এই শিশুদের চিকিৎসা সহায়তা করতে পারেন।

নগদ-এর মাধ্যমে বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশনে ডোনেশন করার পদ্ধতি : 'নগদ' অ্যাপে প্রবেশ করুন > 'ডোনেশন' বাটনে ক্লিক করুন > লিস্ট থেকে 'বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন' নির্বাচন করুন > আপনার ডোনেশনের পরিমাণ দিন > পিন নাম্বার দিন > ডোনেশন সম্পূর্ণ করুন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2022